"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Email: pdkishori2018@gmail.com


স্মারক নংঃ ৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮-২৪৫ তারিখঃ ৪/১১/২০১৯

# কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য ও বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তরসমূহের বিভিন্ন পদের দায়িত্বাবলীঃ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধিনস্ত মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম এপ্রিল ২০১৮ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়ন হবে মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে গঠিত তিন সদস্য বিশিষ্টি নিয়োগ কমিটি উপজেলা হতে প্রাপ্ত আবেদনসমূহ হতে জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে প্যানেল প্রস্তুত করে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিরলস পরিশ্রমের প্রেক্ষিতে জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে জনবলের প্যানেল পাওয়া সম্ভব হয়েছে। তাদের প্রেরিত প্যানেল হতে উক্ত পদসমূহে নিয়োগের কার্যক্রম চলমান যা অতি দুত সম্পন্ন হবে এবং নভেম্বরের প্রথম সপ্তাহে ক্লাব কার্যক্রম চালু করার জোর প্রয়াস অব্যাহত আছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। উল্লেখ্য এ প্রকল্পটি মহিলা বিষয়ক অধিদপ্তরের নিজস্ব প্রকল্প এবং প্রকল্পের মেয়াদশেষে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প মহিলা বিষয়ক অধিদপ্তরের নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে মর্মেও প্রকল্পের ডিপিপিতে উল্লেখ রয়েছে।

## ১। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের উদ্দেশ্যঃ

সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর-কিশোরীদের বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ সক্ষম করা এবং Sexual & Reproductive Health and Rights (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের অবস্থানকে দৃঢ় করা। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কাযক্রমের মধ্যদিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়ন করা।

## কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের লক্ষ্যঃ

- বাল্যবিবাহ প্রতিরোধ ।
- Sexual & Reproductive Health and Rights (SRHR) এবং Gender Based Violence (GBV) বিষয়ক ঝুঁকি হ্রাস ।
- ১০-১৯ বছর বয়সী এডোলেসেন্ট এবং ইয়ংদের মধ্যে (SRHR)/(GBV) প্রতিহত করার লক্ষ্যে অনুকূল ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ সৃষ্টি ।
- ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরীদের মনো-সামাজিক আচরণ, একে অপরের প্রতি শ্রদ্ধাশীল সম্পর্ক, সমমনোভাবাপন্ন, SRHR প্রতিহত করণে দক্ষতা উন্নীতকরণ এবং GBV প্রতিরোধে বিভিন্ন ধরণের সচেতনতামূলক ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণ।
- ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক ও সাংস্কৃতিক কাযক্রমের প্রশিক্ষণ প্রদান সহ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জীবন দক্ষতা বৃদ্ধি । এছাড়া ক্যারাটে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যক্তিগত নিরাপত্তাসহ নারী নির্যাতনরোধে কিশোর-কিশোরীদের সক্ষম করে তোলা উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।
- প্রকল্পের আওতায় স্থাপিত ৪,৮৮৩ টি ক্লাবের মাধ্যমে ৪,৩৯,৪৭০ জন কিশোর-কিশোরী সুবিধা পাবে।
- প্রকল্পের আওতায় ২,৯৪৬ জন নারী উদ্যোক্তা তৈরী হবে।

## কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের জনবল পরিচালনার নিমিত্ত উপপরিচালক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ক্লাব কো-অর্ডিনেটর, ফিল্ড সুপারভাইজার, জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের নির্দেশনাবলী

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে ২ (দুই) জন ফিল্ড সুপারভাইজারকে পদায়ন করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

### উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা) এর দায়িত্বঃ

- ফিল্ড সুপারভাইজারদের যোগদানপত্র গ্রহণ ।
- উপপরিচালকের দপ্তরে অফিস কক্ষ বরাদ্দের ব্যবস্থা করা।
- ফিল্ড সুপারভাইজারদের কর্ম এলাকা নির্ধারণ, তাদের কার্যক্রম তদারকিকরণ ও যাবতীয় প্রশাসনিক কার্যাবলী।
- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের নামে পৃথকভাবে হিসাব নম্বর খোলা।
- ফিল্ড সুপারভাইজারদের বেতন ভাতাদি প্রদান এবং হিসাব সংরক্ষণ ।

- ফিল্ড সুপারভাইজার, জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক এবং আবৃত্তি শিক্ষকদের কার্যক্রম তদারকি করা।
- প্রকল্প পরিচালক বরাবরে প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ।

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের দায়িত্বঃ

- জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক এবং আবৃত্তি শিক্ষকদের যোগদানপত্র গ্রহণ ।
- জেন্ডার প্রোমোটার, সঙ্গীত শিক্ষক এবং আবৃত্তি শিক্ষকদের কার্যক্রম তদারকি করা ।
- কিশোর-কিশোরী ক্লাব পরিচালনা ।
- কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রমের সময়সূচী নির্ধারণ করবেন।

**ক্লাবের ক্লাস সূচীঃ**

| বারের নাম | শুরুর সময় | বিষয় |
|---|---|---|
| শুক্রবার | বিকাল ০৩:০০ | সঙ্গীত বিষয়ক |
| | বিকাল ০৪:০০ | জেন্ডার বিষয়ক |
| শনিবার | বিকাল ৩:০০ | জেন্ডার বিষয়ক |
| | বিকাল ৪:০০ | আবৃত্তি বিষয়ক |

জেন্ডার প্রোমোটার/সঙ্গীত শিক্ষক/আবৃত্তি শিক্ষকগণ অন্য ক্লাবের সূচীর সাথে সমন্বয় করে ক্লাব ব্যবস্থাপনা কমিটির নির্দেশমতে সুবিধামত সময়ে ক্লাব সূচী নির্ধারণ করতে পারবে।

- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের নামে পৃথকভাবে হিসাব নম্বর খোলা।
- ক্লাব পরিচালনার ব্যয় নির্বাহসহ সকল খরচের যাবতীয় হিসাব সংরক্ষণ ।
- ক্লাবের মাধ্যমে বিভিন্ন দিবস উৎযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ।
- প্রকল্প পরিচালক বরাবর মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ ।
- ক্লাবের যাবতীয় প্রশাসনিক কার্যাবলী।

## ক্লাব কো-অর্ডিনেটরদের দায়িত্বঃ

- ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত করছে কিনা তা মনিটর করা ।
- ক্লাব পরিচালনায় কোন সমস্যা উদ্ভুত হলে তা সমাধানের চেষ্টা করবেন প্রয়োজনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপপরিচালক ও উপজেলা নির্বাহী অফিসারকে বিষয়টি দ্রুত অবহিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ।
- কিশোর-কিশোরী ক্লাবের নাস্তা সরবরাহের বিষয়টি নিশ্চিত করা এবং নাস্তার পুষ্টিগুন বিবেচনা রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরের খাদ্য ও পুষ্টি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাদের নিকট হতে যথাসম্ভব নাস্তা ক্রয় করা।
- ক্লাব ঘরের পরিবেশ যথাসম্ভব পরিচ্ছন্ন রাখার বিষয়ে তদারকি করা।

## ফিল্ড সুপারভাইজারদের দায়িত্বঃ

- নিয়মিত ক্লাব পরিদর্শণ সহ ক্লাব কর্মকান্ড সমন্বয় ও বাস্তবায়ন করা।
- কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী যে কোন দায়িত্ব পালন ।

## জেন্ডার প্রোমোটারদের দায়িত্বঃ

- কিশোর-কিশোরীদেরকে বয়:সন্ধিকাল, শারিরীক, মানসিক পরিবর্তন সম্পর্কে ধারনা প্রদান ও তাদের জন্য ক্ষতিকর বিষয়সমূহ চিহ্নিতকরণ ও এর প্রতিকার সমূহ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।
- ক্লাব পরিচালনা ও প্রশিক্ষণ প্রদান ।
- কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী যে কোন দায়িত্ব পালন ।

## সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের দায়িত্বঃ

- ক্লাব সদস্যদের সঙ্গীত ও আবৃত্তি/ কন্ঠশীলন শিক্ষাদান ।
- সঙ্গীত বিষয়ক তাত্ত্বিক আলোচনা ও অনুশীলন।
- আবৃত্তি বিষয়ক তাত্ত্বিক আলোচনা ও অনুশীলন।
- কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী যে কোন দায়িত্ব পালন ।

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাযক্রম সঠিক ভাবে পরিচালনার লক্ষ্যে উপরিউক্ত দায়িত্ব সমূহ পালনের জন্য সংশ্লিষ্টদের বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

০৪/১১/২০১৯

বিকাশ চন্দ্র সিকদার

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।